মাইলস্টোন ট্রাজেডি: নিভে গেল তাসনিয়ার প্রাণপ্রদীপ

রাজধানীর উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় দগ্ধ তাসনিয়া নামে আরও এক শিক্ষার্থী মারা গেছেন। তিনি ওই প্রতিষ্ঠানের অষ্টম শ্রেণির শিক্ষার্থী ছিলেন।

শনিবার (২৩ আগস্ট) সকাল ৮টার দিকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত্যুকালে তার বয়স ছিল আনুমানিক ১৫ বছর।

জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. শাওন বিন রহমান এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গত (জুলাই) মাসের ২১ তারিখে তাসনিয়াকে শরীরে ৩৭ শতাংশ দগ্ধ অবস্থায় হাসপাতালে আনা হয়েছিল। আজ সকাল ৮টার দিকে আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়।

নিহত তাসনিয়ার বাবা মো. নাজমুল কান্নাজড়িত কণ্ঠে জানান, ‘আমাদের গ্রামের বাড়ি ফরিদপুরের মধুখালী এলাকায়। বর্তমানে পরিবার নিয়ে উত্তরার খালপাড় এলাকায় ভাড়া থাকি। দুই ভাই এক বোনের মধ্যে তাসনিয়া ছিল বড়। প্রায় ৩২ দিন মৃত্যুর সঙ্গে লড়াই করে আজ সকালে আমার মেয়ে না ফেরার দেশে চলে গেল।’

মাইলস্টোন ট্রাজেডিতে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের চিকিৎসা কার্যক্রমের সর্বশেষ তথ্য তুলে ধরে ডা. শাওন বিন রহমান বলেন, এই ঘটনায় এখন পর্যন্ত বার্ন ইনস্টিটিউটে ২০ জন মারা গেছেন। বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন ২৩ জন। এছাড়া ১৪ জনকে ছাড়পত্র দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গত ২১ জুলাই দুপুরে রাজধানীর উত্তরার দিয়াবাড়ি এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর প্রশিক্ষণে ব্যবহৃত একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হয়। এ ঘটনায় এখন পর্যন্ত ৩৬ জন নিহতের তথ্য পাওয়া গেছে। নিহতদের অধিকাংশই মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। এছাড়া এ দুর্ঘটনায় প্রতিষ্ঠানটির তিন শিক্ষকও প্রাণ হারিয়েছেন।

সূত্র: যুগান্তর ।

মাইলস্টোন ট্র্যাজেডির এক মাস : সুস্থ হতে যুদ্ধ চলছে আহতদের

রাজধানীর উত্তরা মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনার এক মাস পূর্ণ হলো আজ। গত মাসের আজকের তারিখে ভয়াবহ বিমান বিধ্বস্তে প্রাণ হারিয়েছে কোমলমতি শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকসহ প্রতিষ্ঠানটির কর্মচারী।

এ ঘটনার এক মাস পরেও ক্যাম্পাসে শোকের ছায়া। এখনও আতঙ্কে দিন কাটছে শিক্ষার্থী ও অভিভাবকদের।

ওইদিন বেঁচে যাওয়া শিক্ষার্থীদের স্মৃতিতে এখনও বন্ধুদের আত্মচিৎকার তাড়া করছে। তাই মানসিকভাবে এখনো কিছুটা বিপর্যন্ত শিক্ষার্থীরা। তাই শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করছে প্রতিষ্ঠানটি।
এদিকে, একমাস পূর্তির দিন আজ স্কুলটিতে সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে ওই মর্মান্তিক ঘটনায় নিহত হন মোট ৩৪ জন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবক। এখনো বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন আরো ২৪ জন। এর মধ্যে তিনজন শিক্ষক, তিনজন অভিভাবক ও ২৭ জন শিক্ষার্থী।

গত এক মাস ধরে আহতরা অসহ্য যন্ত্রণা নিয়ে হাসপাতালের বিছানায় দিন পার করছেন।

রাজধানীর জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইন্সটিটিউটে যারা ভর্তি রয়েছেন তাদের বেশিরভাগের শরীরই আগুনে পুড়ে গেছে। কারো কারো অর্ধেকেরও বেশি অংশ পুড়ে গেছে।
জানা গেছে, শরীরে অর্ধেকেরও বেশি পোড়া নিয়ে ভর্তি রয়েছে সপ্তম শ্রেণীর ছাত্র নাভিদ নাওয়াজ। গত এক মাস ধরে নাওয়াজ সুস্থ হওয়ার

জন্য নিজের সঙ্গে লড়াই করে যাচ্ছে। আর তার সঙ্গে সার্বক্ষণিক থাকছেন বাবা মিজানুর রহমান।

মিজানুর রহমান বলেন, ‘একমাস হাসপাতালের আইসিইউতে ছেলেকে রেখে কোথাও যেতে পারছি না। এই সময়ের মধ্যে প্রতিটা মুহূর্ত একটা নতুন অভিজ্ঞতা। ডাক্তারও বলতে পারছে না ছেলে আমার ভালোর দিকে যাচ্ছে, না খারাপের দিকে যাচ্ছে। ডাক্তাররা শুধু বলে আপনারা আল্লাহকে ডাকেন’।

এখনো স্বাভাবিক হতে পারেনি শিক্ষার্থীরা
মাইলস্টোনের শিক্ষার্থীরা এখনো ফিরতে পারেনি স্বাভাবিক জীবনে। প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা জানায়, প্রতি পাঁচ মিনিট পরপর মাথার ওপর দিয়ে বিমান যায়, তখনই ভয়ে বুক ধড়ফড় করে। লেখাপড়ায় মন বসে না। মনে হয় আবার কোনো বিপদ আসছে। স্কুলে আসতে মন চায় না।

তবে শিক্ষক-শিক্ষার্থীর মানসিক সেবা স্বাস্থ্য নিয়ে কাজ করছে প্রতিষ্ঠানটি। মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের প্রতিষ্ঠাতা লেফলেন্যান্ট কর্নেল (অব.) নুরুন নবীর সাংবাদিকদের বলেন, মানসিক সেবা স্বাস্থ্য সেন্টার খোলা হয়েছে স্কুলে। আমরা ধীরে ধীরে স্বাভাবিক অবস্থায় ফেরার চেষ্টা করছি। শিক্ষার্থীদের মানসিক আঘাত কাটিয়ে উঠতে কাউন্সেলিং কার্যক্রম চালু রয়েছে। তবে পুরোপুরি স্বাভাবিক হতে আরো সময় লাগবে।

সূত্র: কালের কন্ঠ।

গভীর খাদে ব্যাংক খাত

২০২৪ সাল শেষে দক্ষিণ এশিয়ার অন্য দেশগুলোর তুলনায় সবচেয়ে ঝুঁকিপূর্ণ অবস্থানে আছে বাংলাদেশি ব্যাংকগুলো। গত বছরের আগস্টের রাজনৈতিক পট পরিবর্তনের পর দীর্ঘদিনের লুকিয়ে রাখা খেলাপি ঋণ ও ক্ষতির হিসাব প্রকাশ পেতেই ব্যাংকগুলোর নিরাপত্তা কমে গেছে। এর ফলে ঝুঁকিপূর্ণ সম্পদের বিপরীতে মূলধন সংরক্ষণের হার (সিআরএআর) নেমে আসে মাত্র ৩ দশমিক ০৮ শতাংশে, যা নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত পরিমাণের অর্ধেকেরও কম।

চেয়ারম্যান আনিস এ খান বলেন, ‘সমস্যাটি কাঠামোগত। প্রথম প্রজন্মের ব্যাংক স্থাপনের সময় প্রাথমিক মূলধনের শর্ত ছিল মাত্র ৩ কোটি টাকা। অথচ আমানত ও ঋণ চাহিদা দ্রুত বেড়ে গেছে। নতুন শেয়ার ইস্যু বা মুনাফা থেকে মূলধন বাড়াতে না পারায় ব্যাংকগুলো দুর্বল থেকে গেছে। তার মতে, মূলধনভিত্তি দুর্বল হওয়ায় ব্যাংকগুলো ঋণ দিতে পারবে না। এটি প্রমাণ করে যে তাদের জমা টাকাও মূলত শেষ হয়ে গেছে এবং তারা কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা মেনে চলতে পারছে না। ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলোর অবস্থাও আরও করুণ। ২০২৪ সালে তাদের খেলাপি ঋণের হার ৩১ দশমিক ৫৫ শতাংশ থেকে বেড়ে ৩৩ দশমিক ৮৩ শতাংশে পৌঁছেছে। একই সঙ্গে তাদের সিআরএআর নেমে গেছে ঋণাত্মক ৬ দশমিক ৪৬ শতাংশে। দেশের দুই বৃহত্তম ঋণগ্রহীতা খেলাপি হলে গোটা খাতই ভয়াবহ সংকটে পড়বে বলে বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে বলা হয়েছে। এর মধ্যেই বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, সাইবার আক্রমণও এখন ব্যাংকিং খাতের আরেকটি বড় ঝুঁকি হিসেবে দাঁড়িয়েছে।’

সব মিলিয়ে, দক্ষিণ এশিয়ার তুলনায় বাংলাদেশের ব্যাংকিং খাত বর্তমানে সবচেয়ে নাজুক অবস্থায় রয়েছে। বিশেষজ্ঞদের মতে, দীর্ঘদিনের কাঠামোগত দুর্বলতা, বড় অঙ্কের খেলাপি ঋণ এবং পর্যাপ্ত মূলধনের ঘাটতি কাটিয়ে না উঠলে আর্থিক খাত টেকসই হতে পারবে না।

বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, মাত্র ১০টি ব্যাংক মিলে খেলাপি ঋণের প্রায় ৭৫ শতাংশ বহন করছে। বিশেষত শরিয়াভিত্তিক ব্যাংকগুলো এবং কিছু রাষ্ট্রায়ত্ত ব্যাংক মারাত্মক ক্ষতির মুখে পড়েছে। আওয়ামী লীগ সরকারের পতনের পর অনেক ব্যবসায়ীর ঋণ পুনঃতফসিল না করায় ঋণ পরিস্থিতি আরও খারাপ হয়েছে। ঝুঁকিপূর্ণ ঋণের এ বিস্ফোরণ ব্যাংক খাতের মূলধনভিত্তিকে মারাত্মকভাবে নাড়িয়ে দিয়েছে। ২০২৪ সালের শেষে ব্যাংক খাতের মূলধন পর্যাপ্ততার হার ৮ দশমিক ৫৬ শতাংশ কমে দাঁড়িয়েছে মাত্র ৩ দশমিক ০৮ শতাংশে। অথচ বেসেল-৩ মানদণ্ড অনুযায়ী ন্যূনতম প্রয়োজন ১০ শতাংশ। ব্যাংকার ও বিশেষজ্ঞদের মতে, অচল ঋণের এ সংকট ব্যাংক খাতের মুনাফা কমিয়ে দেবে, নিরাপত্তা সঞ্চিতি সংরক্ষণের (প্রভিশন) চাপ বাড়াবে এবং নতুন ঋণ বিতরণকে সীমিত করবে।

এ বিষয়ে পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী বলেন, এটাই বাস্তবতা বিগত সরকারের সময়ে সৃষ্ট অব্যবস্থাপনার ফল এখন পুরো আর্থিক খাতকে ক্ষতিগ্রস্ত করছে। পুনরুদ্ধারে সময় লাগবে।

‘সাধারণ ছুটি’ না হয়েও আজ যেসব প্রতিষ্ঠানে ছুটি

মুসলিম বিশ্বের দেশগুলোতে পবিত্র আখেরি চাহার সোম্বা অত্যন্ত মর্যাদা ও গুরুত্বের সঙ্গে পালন করা হয়ে থাকে। এ উপলক্ষে দেশের শিক্ষাপ্রতিষ্ঠান ছুটিতে রয়েছে। তবে সরকারিভাবে এই দিন ছুটি নয়।

আখেরি চাহার সোম্বা উপলক্ষে দেশে সরকারিভাবে ‘সাধারণ ছুটি’ নেই।

তবে এটি ঐচ্ছিক ছুটি। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের বাৎসরিক ছুটির তালিকায় আখেরি চাহার সোম্বা উপলক্ষে এক দিন ছুটি রাখা হয়েছে। সে অনুযায়ী দেশের সব স্কুল, কলেজ, মাদরাসা, কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান এবং সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, পবিত্র আখেরি চাহার সোম্বা উপলক্ষে আজ বুধবার বিশ্ববিদ্যালয় ও এর অধীন সব কলেজ বন্ধ থাকবে।

অন্যদিকে রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান এরই মধ্যে বিজ্ঞপ্তি দিয়ে আখেরি চাহার সোম্বা উপলক্ষে আজ ছুটির ঘোষণা দিয়েছে।

৬ বিভাগের অধিকাংশ জায়গায়

বৃষ্টির আভাস

দেশের সব বিভাগে আগামী ২৪ ঘণ্টায় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এর মধ্যে ছয় বিভাগের অধিকাংশ জায়গায় বৃষ্টি ঝরবে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সেই সঙ্গে দেশজুড়ে তাপমাত্রা ২ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত কমতে পারে বলেও সংস্থাটি আভাস দিয়েছে।

বুধবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর ও রাজশাহী বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে সারা দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারি থেকে অতিভারি বর্ষণ হতে পারে। এ সময় সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে।

আবহাওয়ার সিনপটিক অবস্থা সম্পর্কে বলা হয়েছে, উড়িষ্যা উপকূল এবং তৎসংলগ এলাকায় অবস্থানরত নিম্নচাপটি উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে গতকাল সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়।

এটি আজ মঙ্গলবার সকাল ৬টায় লঘুচাপ আকারে ছত্তিশগড় ও তৎসংলগ্ন পূর্বমধ্য প্রদেশ এলাকায় অবস্থান করছে। এটি আরো পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে যেতে পারে। মৌসুমি বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, মধ্য প্রদেশ, নিম্নচাপের কেন্দ্রস্থল, উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের দক্ষিণাঞ্চলে সক্রিয় ও অন্যত্র মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

এদিকে গতকাল মঙ্গলবার সকাল ৬টা থেকে আজ সকাল ৬টা পর্যন্ত দেশের সর্বোচ্চ বৃষ্টিপাত হয়েছে পটুয়াখালীর খেপুপাড়ায় ৬০ মিলিমিটার। এ সময়ের মধ্যে সর্বোচ্চ তাপমাত্রা রেডর্ক করা হয়েছে কিশোরগঞ্জের নিকলি ৩৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। সর্বনিম্ন তাপমাত্রাও একই এলাকায় রেকর্ড করা হয়েছে ২৪ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

সুনামগঞ্জ-সিলেট মহাসড়কে ৬ মাসে সড়ক দুর্ঘটনায় নিহত ৪১

সুনামগঞ্জ জেলার গুরুত্বপূর্ণ সড়ক সুনামগঞ্জ-সিলেট মহাসড়ক। সড়কটি সিলেট ও রাজধানী ঢাকার সঙ্গে যোগাযোগের মাধ্যম। এই সড়ক দিয়ে জেলার ১২টি উপজেলার মধ্যে ৮টি উপজেলার মানুষ জেলা ও রাজধানীতে যাতায়াত করে। সড়কটি দিন দিন যেন এক মৃত্যুপুরিতে পরিণত হচ্ছে।

গত ৬ মাসে এই সড়কে দুর্ঘটনায় ৪১ জনের মৃত্যু হয়েছে।

স্থানীয়রা জানান, আঞ্চলিক এই মহাসড়কটি এক লেনের ও সরু হওয়ায় প্রতিনিয়তই বাস-সিএনজি চালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষের ঘটনায় প্রাণ হারাচ্ছে মানুষ। এ ছাড়াও দুর্ঘটনার জন্য ফিটনেসবিহীন যানবাহন ও অদক্ষ চালককে দায়ী করছেন তারা।

খোঁজ নিয়ে জানা গেছে, সুনামগঞ্জ সিলেট সড়কের বাহাদুরপুর নামকস্থানে গত ৬ আগস্ট বাস ও সিএনজি চালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে সুনামগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউটের ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং টেকনোলজি বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আফসানা জাহান খুশি ও সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থী স্নেহা চক্রবর্তী প্রাণ হারান। এ ছাড়াও অটোরিকশায় থাকা আরো এক যাত্রী নিহত হন। দুই শিক্ষার্থীর মৃত্যুর পর উত্তপ্ত হয়ে ওঠে সুনামগঞ্জবাসী। বাসচালককে গ্রেপ্তার করে শাস্তির দাবিতে দুই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা আন্দোলনে নামেন।

শাকিব মাহমুদসহ জেলার সচেতন মহল জানায়, আঞ্চলিক মহাসড়কে বাসের চেয়ে সিএনজি চালিত অটোরিকশাই বেশি চলাচল করে। এসব দুর্ঘটনার বেশিরভাগই অটোরিকশার কারণে ঘটছে। সুনামগঞ্জ-সিলেট সড়কে ফিটনেসবিহীন বাস ও অদক্ষ চালকের গাফিলতির কারণে প্রায়ই ঘটছে দুর্ঘটনা।

জানা গেছে, জেলায় প্রায় ১৩ হাজার সিএনজি চালিত অটোরিকশা রয়েছে।

এর মধ্যে নিবন্ধন আছে সাড়ে ৪ হাজারের।

বাকিগুলো চলছে বিবন্ধনহীনভাবে। অপরদিকে প্রায় সুনামগঞ্জ জেলায় বাস চলাচল করছে প্রায় এক হাজার। তাদের অধিকাংশেরই নেই ফিটনেস। সুনামগঞ্জ-সিলেট আঞ্চলিক সড়কটি চার লেন প্রকল্পটি আটকে আছে মন্ত্রণালয়ে। সিএনজি চালিত অটোরিকশা চালকদের অধিকাংশেরই নেই লাইসেন্স। একই দশা বাস চালকদের।

নাদিম আহমেদ, ফারুক মিয়াসহ শিক্ষার্থীরা জানান, বেশিরভাগ চালকই অদক্ষ ও লাইসেন্স নেই। অদক্ষ বাস চালকদের কারণে এই সড়কটি মৃত্যুপুরীতে পরিণত হয়েছে।

বাহাদুরপুর গ্রামের স্থানীয় বাসিন্দা জহির মিয়া, শফিক মিয়াসহ কয়েকজন জানান, সুনামগঞ্জ-সিলেট সড়কটিকে এক লেন থেকে দুই লেন করলে দুর্ঘটনা কিছুটা কমে আসবে।

সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. শেখ আব্দুল লতিফ-প্রক্টোর জানান, গাড়ির চালকরা মাদকাসক্ত কি না সেটাও দেখা দরকার। সড়ক নিরাপদ রাখার জন্য আইন আছে সেই আইন প্রয়োগ করলে দুর্ঘটনা কমে আসবে।

সুনামগঞ্জ বিআরটিএ সহকারী পরিদর্শক দেলোয়ার হোসেন জানান, যেসব চালক হালকা যানের লাইসেন্স নিয়ে ভারী যান চালাচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

সুনামগঞ্জ জেলা ট্রাফিক অফিস পরিদর্শক মো. হানিফ মিয়া জানান, চালকের অদক্ষতার কারণে সড়ক দুর্ঘটনা ঘটছে। তবে তাদের বিরুদ্ধে নিয়মিত অভিযান অব্যাহত আছে।

সূত্র: কালের কন্ঠ ।

কেন্দ্রীয় কারাগারে অসুস্থ

[redacted]

[redacted] [redacted] [redacted] [

এদিকে ছুটি শেষে অস্ট্রেলিয়া থেকে দেশে ফিরেছেন বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল। তিনি আজ সকালে একটি পাঁচতারা হোটেলে ক্রিকেটারদের সঙ্গে বসবেন।

সেখানে তিনি ক্রিকেটারদের সমস্যা এবং তা থেকে উত্তরণের উপায় নিয়ে কথা বলবেন। অ্যালেক্স মার্শালের সঙ্গেও আজ তার বসার কথা রয়েছে। এর আগে ক্রিকেটারদের কাছে সমস্যাগুলো চিহ্নিত করার জন্য একটি ফরম দেওয়া হয়েছিল বিসিবি থেকে।

সমস্যাগুলো চিহ্নিত করার পর দীর্ঘদিন আইসিসিতে কাজ করার অভিজ্ঞতা শেয়ার করবেন আমিনুল। ক্রিকেটারদের সমস্যা সমাধানে করণীয় পদক্ষেপ গ্রহণ করবে বিসিবি।

তবে নারী ক্রিকেটাররা থাকছেন না বিসিবি সভাপতির সঙ্গে আলোচনায়। বিশ্বকাপের প্রস্তুতিতে তারা এখন বিকেএসপিতে।

এদিকে ক্রিকেটার, কোচ, টিম ম্যানেজমেন্টের পাশাপাশি আকুর বর্তমান কর্মকর্তাদের সঙ্গে কয়েক দফায় ওয়ার্কশপ করবেন অ্যালেক্স মার্শাল।

সূত্র: যুগান্তর

স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক থাকছে না

এখন থেকে স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক থাকছে না। এ সংক্রান্ত একটি অধ্যাদেশে সই করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। সোমবার (১৮ আগস্ট) রাতে এ তথ্য জানা গেছে।

এর আগে এ-সংক্রান্ত চারটি আলাদা অধ্যাদেশের খসড়া তৈরি করে ১ জুলাই মন্ত্রিপরিষদ বিভাগে পাঠায় স্থানীয় সরকার মন্ত্রণালয়। এরপর উপদেষ্টা পরিষদ হয়ে লেজিসলেটিভ ও সংসদবিষয়ক বিভাগের সম্মতি নিয়ে তা গেজেট আকারে প্রকাশ করার কথা। গত ২৪ জুলাই উপদেষ্টা পরিষদ সেই খসড়া অনুমোদন করে।

নতুন এ সিদ্ধান্তের ফলে রাজনৈতিক দলগুলো স্থানীয় সরকার নির্বাচনে আনুষ্ঠানিকভাবে কোনো প্রার্থী মনোনয়ন দিতে পারবে না। প্রার্থীরা সবাই হবেন নির্দলীয়, যা এখন স্বতন্ত্র নামে পরিচিত।

২০১৫ সালে আওয়ামী লীগ সরকারের আমলে স্থানীয় সরকার নির্বাচন দলীয় প্রতীকে করার সিদ্ধান্ত হয়েছিল। এরপর থেকে দীর্ঘদিন ধরে স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীকের ব্যবহার বন্ধের দাবি জানিয়ে আসছিলেন বিভিন্ন দল ও নির্বাচন বিশেষজ্ঞরা। অন্তর্বর্তী সরকারের করা নির্বাচনব্যবস্থা সংস্কার কমিশন ও স্থানীয় সরকার সংস্কার কমিশনও দলীয় প্রতীক বাদ দেওয়ার সুপারিশ করে। সংশ্লিষ্ট ব্যক্তিদের ধারণা এই বিধান বাদ দিলে রাজনৈতিক দলের সঙ্গে সরাসরি সম্পৃক্ত নন, এমন অনেক যোগ্য ব্যক্তিও নির্বাচনে আগ্রহী হবেন।

সূত্র: কালের কন্ঠ

চুয়াডাঙ্গায় নানা আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন

‘অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি’ এ শ্লোগানকে ধারণ করে চুয়াডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে সোমবার (১৮ আগস্ট) সকাল ১০টায় জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের কোর্টমোড় ঘুরে আবার একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা মৎস্য কর্মকর্তা আবুল কালাম আজাদের সভাপতিত্বে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান। সদর উপজেলা মৎস্য কর্মকর্তা বেলাল হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক সিদ্দিকুর রহমান ও চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ।